বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

ভোকেশনাল শাখা

স্মারক নং-৩৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩০.১৬.১১ তারিখ ঃ ১৮-০১-২০১৭ খ্রি.

বিষয় ঃ চূড়ান্ত কেন্দ্র তালিকায় অর্ন্তভুক্তি ও কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ।

আগামী ০২ ফেব্রুয়ারি ২০১৭খ্রি. তারিখ থেকে অত্র বোর্ডের অধীন অনুষ্ঠেয় এসএসসি(ভোক) ও দাখিল (ভোক) পরীক্ষা-২০১৭ সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের নিমিত্তে আপনার প্রতিষ্ঠানকে কেন্দ্র নির্বাচনপূর্বক আপনাকে উক্ত কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে নিম্নোক্ত দায়িত্বসমূহ/নির্দেশনা প্রতিপালনের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে ঃ

(১) পরীক্ষার বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রবেশপত্র ও পরীক্ষা সামগ্রী গ্রহণের ছক অনুযায়ী আপনার কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানের প্রবেশপত্র ও অলিখিত উত্তরপত্রসহ পরীক্ষা সংক্রান্ত অন্যান্য পরীক্ষা সামগ্রী বোর্ড হতে গ্রহণ করতে হবে।

(২) পরীক্ষা সামগ্রী গ্রহণের সময় আপনার কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের সংখ্যা হিসেব করে একটি চাহিদাপত্র তৈরি করে আনবেন।

(৩) কেন্দ্রাধীন সকল প্রতিষ্ঠানের অনলাইনে প্রেরিত তাত্ত্বিক ও ব্যবহারিক ধারাবহিক (TC ও PC) নম্বরের হার্ড কপি বোর্ডের ৭ম তলায় ভোকেশনাল শাখায় যথাসময়ে জমা দান নিশ্চিত করবেন।

(৪) কেন্দ্রাধীন প্রতিষ্ঠানসমূহের নিকট বোর্ডের পরীক্ষা সংক্রান্ত বকেয়া পাওনা থাকলে প্রবেশপত্র গ্রহণের আগেই তা পরিশোধ করতে হবে।

(৫) সুষ্ঠুভাবে ব্যবহারিক পরীক্ষা সম্পন্নের লক্ষ্যে প্রতি বিষয়ে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের বিষয়ভিত্তিক শিক্ষককে তাদের প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের জন্য আভ্যন্তরিন এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বাহির থেকে অনাভ্যন্তরিণ পরীক্ষক নিয়োগ করে তাদের দ্বারা পরীক্ষা পরিচালনা করতে হবে।

(৬) ব্যবহারিক পরীক্ষা সমাপ্তির পর নির্ধারিত তারিখে কেন্দ্রাধীন প্রতিষ্ঠানের সকল পরীক্ষার্থীর অন লাইনে প্রেরিত ব্যবহারিক নম্বরের (PF) হার্ড কপি ও হাজিরাশিট যথাসময়ে অবশ্যই বোর্ডের ৭ম তলা ভোকেশনাল শাখায় জমা দিতে হবে।

প্রাপক ঃ
কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তা(সকল)
এসএসসি/দাখিল (ভোকঃ) পরীক্ষা কেন্দ্র-২০১৭ ।

(প্রকৌশলী সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৯১১৩২৮৩

স্মারক নং-৩৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩০.১৬.১১ তারিখ ঃ ১৮-০১-২০১৭ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল ঃ

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত-সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।]
২-৪। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। জেলা প্রশাসক (সকল)
৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৭। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।(বোর্ডের ওয়েব সাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৮। চেয়ারম্যান, মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। সংশ্লিষ্ট নথি।

(মোঃ আবুল হোসেন)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ০২-৪৮১১১১৬৪ (অফিস)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
ভোকেশনাল শাখা

স্মারক নং-৩৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩০.১৬.১৩ তারিখ ঃ ১৮-০১-২০১৭ খ্রি.

বিষয় ঃ ২০১৭ সনের এসএসসি (ভোকঃ)/ দাখিল (ভোকঃ) চূড়ান্ত পরীক্ষা পরিচালনা।

আগামী ০২ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ হতে অনুষ্ঠিতব্য অত্র বোর্ডের অধীন বিষয়োক্ত চূড়ান্ত পরীক্ষার জন্য অত্র বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে আপনার প্রতিষ্ঠানকে পরীক্ষা কেন্দ্র নির্বাচন ও আপনাকে উক্ত কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করা হ'ল। সুষ্ঠুভাবে পরীক্ষা গ্রহণকল্পে আপনাকে প্রয়োজনীয় সংখ্যক পরিদর্শক (ইনভিজিলেটর), অভ্যন্তরীণ/অনাভ্যন্তরীণ ব্যবহারিক পরীক্ষক, সাধারণ সহকারি/কর্মচারি ইত্যাদি নিয়োগের এবং পরীক্ষা সমাপ্তির পর নিয়মানুযায়ী কেন্দ্র সংশ্লিষ্ট দায়িত্ব পালনকারীদের পারিশ্রমিক পরিশোধের ক্ষমতা অর্পন করা হ'ল।

১. পরীক্ষা কেন্দ্রের শান্তি-শৃঙ্খলা বজায় রাখার স্বার্থে স্থানীয় জেলা/উপজেলা ও পুলিশ প্রশাসনের সাথে ব্যক্তিগতভাবে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং উল্লিখিত পরীক্ষার উত্তরপত্র, পরীক্ষার্থীদের হাজিরা শিট, পরীক্ষাসংক্রান্ত তথ্য বিবরণী ও ব্যবহারিক পরীক্ষার চূড়ান্ত নম্বরপত্র সঠিকভাবে, নির্ধারিত সময়ের মধ্যে বোর্ডে পৌঁছানোর নিমিত্তে বোর্ড কর্তৃক জারীকৃত পরীক্ষা পরিচালনা সংক্রান্ত গুরুত্বপূর্ণ নির্দেশাবলি অনুসরণ করার জন্য আপনাকে সবিশেষ অনুরোধ জানানো হ'ল।
২. প্রয়োজনীয় সংখ্যক পরিদর্শির এক চতুর্থাংশ আপনার প্রতিষ্ঠান হতে এবং অবশিষ্ট তিন চতুর্থাংশ পরিদর্শি নিকটবর্তী অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান হতে নিয়োগের জন্য আপনাকে সবিশেষ অনুরোধ জানানো হল। কোন পরিদর্শি তার নিজস্ব প্রতিষ্ঠানের পরীক্ষার্থীদের কক্ষে দায়িত্ব পালন করতে পারবেন না।
৩. সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের লক্ষ্যে পরীক্ষার্থীদের আসন ব্যবস্থা নিজস্ব কেন্দ্রে/প্রতিষ্ঠানে না করে জেলা/উপজেলা প্রশাসনের সাথে আলোচনা করে নিকটবর্তী যে কোন প্রতিষ্ঠানে ভেন্যু নির্বাচন করে পরীক্ষা গ্রহণ করতে হবে।
৪. **নকলমুক্ত পরিবেশ সৃষ্টির লক্ষে নকল প্রতিরোধের সকল ব্যবস্থা গ্রহণ করতে হবে। আপনার কেন্দ্র নকলপ্রবণ হিসেবে চিহ্নিত হলে ভবিষ্যতে তা বাতিল হবে। এ ক্ষেত্রে আপনার কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।**
৫. পরীক্ষা কক্ষের আসন ব্যবস্থা **১** বর্গ মিটার দূরত্বে হতে হবে এবং বোর্ড কর্তৃক প্রদত্ত রোল নম্বরের ক্রমানুসারে আসন ব্যবস্থা নিশ্চিত করতে হবে। এর কোন ব্যতিক্রম হলে পরবর্তীতে আপনার প্রতিষ্ঠানের কেন্দ্র বাতিল করা হবে।
৬. বোর্ডের পরীক্ষা পরিচালনা সংক্রান্ত নীতিমালা-২০১২ (ওয়েবসাইটে দেয়া আছে) অনুসরণ করে পরীক্ষা পরিচালনা করতে হবে।
৭. জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক স্থানীয়ভাবে গঠনকৃত ভিজিলেন্স টিম এসএসসি(ভোকঃ) ও দাখিল(ভোকঃ) পরীক্ষার সরেজমিন মনিটরিং-এর দায়িত্বে থাকবেন।

উল্লিখিত ব্যবস্থাপনার যেন ব্যত্যয় না ঘটে সে ব্যাপারে সতর্ক ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

প্রাপক ঃ
কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তা(সকল)
এসএসসি/দাখিল (ভোকঃ) পরীক্ষা কেন্দ্র-২০১৭ ।

(প্রকৌশলী সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৯১১৩২৮৩

স্মারক নং-৩৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩০.১৬.১৩ তারিখ ঃ ১৮-০১-২০১৭ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল ঃ

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণ ঃ অতিরিক্ত-সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।]
২ মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
৩-৫। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরিদর্শক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। জেলা প্রশাসক (সকল)
৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল)
৮। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
৯। সংশ্লিষ্ট নথি।

(মোঃ আবুল হোসেন)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ০২-৪৮১১১১৬৪ (অফিস)।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

ভোকেশনাল শাখা

Website : www.bteb.gov.bd

স্মারক নং-৩৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩০.১৬.১৫ তারিখ ঃ ১৮-০১-২০১৭ খ্রি.

বিষয় ঃ ২০১৭ সনে অনুষ্ঠিতব্য এসএসসি (ভোকঃ)/ দাখিল(ভোকঃ) পরীক্ষায় অনুপস্থিত ও বহিস্কৃত পরীক্ষার্থীদের তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সকল পরীক্ষা (তাত্ত্বিক ও ব্যবহারিক) গ্রহণ শেষে অনুপস্থিত ও বহিস্কৃত পরীক্ষার্থীদের সংকলিত তথ্য অনলাইনে বোর্ড বরাবরে প্রেরণের জন্য আপনাকে সবিশেষ অনুরোধ করা গেল এবং এর হার্ড কপিও পরবর্তীতে ভোকেশনাল শাখা (৭ম তলা) হাজিরাশিট জমা দানকালে দাখিল করতে হবে। বহিস্কারের ক্ষেত্রে বোর্ড প্রদত্ত বহিস্কার সংক্রান্ত ফরম ১, ২, ৩ যথাযথভাবে পূরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

প্রাপক ঃ
কেন্দ্র সচিব/ভারপ্রাপ্ত কর্মকর্তা(সকল)
এসএসসি/দাখিল (ভোকঃ) পরীক্ষা কেন্দ্র-২০১৭ ।

(প্রকৌশলী সুশীল কুমার পাল)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন ঃ ৯১১৩২৮৩

স্মারক নং-৩৭.১৭.০০০০.৩০৩.৯৯.৩৩০.১৬.১৫ তারিখ ঃ ১৮-০১-২০১৭ খ্রি.

সদয় অবগতি নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হল ঃ

১। জেলা প্রশাসক (সকল)।
২। উপজেলা নির্বাহী অফিসার(সকল)।
৩। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।(বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪। সংশ্লিষ্ট নথি।

(মোঃ আবুল হোসেন)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা
ফোন ঃ ০২-৪৮১১১১৬৪ (অফিস)।